

# বুলবুল একাডেমি অব ফাইন আর্টস্ (বাফা)

## তবলা বিভাগের সিলেবাস

### প্রথম বর্ষ

#### তত্ত্বীয় :

১. তবলার বাণী/বর্ণ। পৃথক ভাবে দুই হাতের বাণীর ব্যবহার।
২. তবলাবায়ী বাদ্যযন্ত্রটির অবয়ব বর্ণনা।
৩. তাল পরিচিতি : দাদরা, কাহারবা, ত্রিতাল। তালগুলির ঠায় ও দ্বিগুন লয়ে মাত্রা, বিভাগ, সোম, ফাঁক পরিচিতি।
৪. সংজ্ঞা : গীত, বাদ্য, নৃত্য, সপ্তক, ঠেকা, কায়দার বিস্তার, সমপদীতাল, গৃহ/ছন্দবিভাগ/মাত্রাবিভাগ, সম, অনাঘাত/ফাঁক/খালি, আঘাত/তালি/ভরি, মাত্রা, সম, আওয়াদা/আবর্তন/আবৃত্তি, তেহাই/তিহাই, স্কেল, স্বর।
৫. হাত সাধার পাল্টা(বাণী)।
৬. ঠেকা ও ঠেকার কিসিম।
৭. টিকা : কায়দা, রেলা, মোহরা/মুখড়া, গৎ, টুকরা, বোল, পরণ।
৮. বিশদ পরিচিতি : ছন্দ, তাল, লয়।
৯. সংগীতে তবলার অবস্থান।
১০. জীবনী : ওস্তাদ সীধার খান, পন্ডিত কেশব চন্দ্র বন্দ্যোপাধ্যায়, পন্ডিত হীরেন্দ্র কুমার গাঙ্গুলী, পন্ডিত প্রসন্ন কুমার বণিক, ওস্তাদ কামরুজ্জামান (মনি), ওস্তাদ মিথুন দে, পন্ডিত হীরন নট।

#### ক্রিয়াত্মক :

১. লয়জ্ঞান : আঘাত-অনাঘাত দেখিয়ে মধ্য ও দ্রুতলয়ে পাঠ্যক্রমভুক্ত তালগুলি বলা ও হাতে দেখানো।
২. দাদরা, কাহারবা, ত্রিতাল তালের ঠেকা তালি দিয়ে ঠায় ও দ্বিগুণে বলা এবং তবলায় বাজানোর অভ্যাস।
৩. (ক) হস্ত সাধন বোল/পাল্টা দশটি (খ) ত্রিতালে সরল কায়দা দুইটি (গ) ত্রিতালে টুকড়া ১টি (ঘ) ত্রিতালে মোহরা ১টি।
৪. দাদরা ও কাহারবা তালের মূল ঠেকা ও ২টি করে ঠেকার প্রকার।